# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.03.24** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সি এ এ-র সঙ্গে এন আর সি জড়িয়ে রয়েছে বলে মন্তব্য করে মুখ্যমন্ত্রী আবারও এই আইনের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তুলেছেন।

নাগরিকত্বের আবেদন করলে চাকরি চলে যাবে বলে মুখ্যমন্ত্রীর বক্তব্য পুরোপুরি অসত্য বলে দাবি করেছেন বিরোধী দলনেতা।

২) লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠু করার জন্য জেলাশাসকরা কি ধরনের পদক্ষেপ করছেন, নির্বাচন কমিশন তা জানতে চেয়েছে।

৩) রাজ্যের অস্থায়ী এবং দৈনিক ভাতা ও চুক্তিভিত্তিক কর্মীরা এবার অবসরের পর এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা পাবেন।

৪) বিকশিত ভারতের লক্ষ্যে সমাজের পিছিয়ে পড়া প্রান্তিক মানুষের উন্নয়নে সূচনা হয়েছে পিএম সুরজ পোর্টালের।

৫) স্কুল সার্ভিস কমিশনে নিয়োগে দুর্নীতি প্রমাণিত হলে পুরো প্যানেল বাতিল করে দেওয়া হতে পারে বলে কলকাতা হাইকোর্ট জানিয়েছে।

৬) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৪-৩ গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে।

---

সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ নিয়ে ফের কেন্দ্রের বিরুদ্ধে বৈষম্যের অভিযোগ এনেছেন তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। গতকাল শিলিগুড়ির কাছে ফুলবাড়িতে প্রশাসনিক সভায় বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা, প্রাপকদের হাতে তুলে দেওয়ার পর উত্তরকন্যায় সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, এই আইনে স্বচ্ছতা নেই। এন আর সি-র সঙ্গে যোগ রয়েছে সি এ এ-র। জেলাশাসকদের হাতে নাগরিকত্বের শংসাপত্র দেবার ক্ষমতা না থাকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

বাইট

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, নাগরিকত্বের শংসাপত্র দেওয়ার ক্ষমতা জেলাশাসকদের হাতে না থাকা নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে তীব্র কটাক্ষ করেছেন। নদীয়ার রানাঘাটে গতকাল এক জনসভায় পর সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি। সি এ এ নিয়ে মুখ্যমন্ত্রীর আশঙ্কা খারিজ করে দেন বিরোধী দলনেতা।

বাইট

শুভেন্দু জানান, সি এ এ সম্পর্কে সবাইকে অবহিত করার জন্য মতুয়া মহাসংঘের তত্বাবধানে শীঘ্রই বিভিন্ন এলাকায় শুরু হবে কর্মশালা।

---

সংশোধিত নাগরিকত্ব আইন নিয়ে লাগাতার অপপ্রচার চলছে বলে কেন্দ্রীয় মন্ত্রী হরদীপ সিং পুরী মন্তব্য করেছেন। গতসন্ধ্যায় কলকাতায় ভারতীয় জাদুঘরে বিকশিত ভারত বিষয়ক এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, সিএএ-র আওতায় আবেদন

করলেই নাগরিকত্ব চলে যাবে বলে এরাজ্যের মানুষকে ভুল বোঝানো হচ্ছে। বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে পশ্চিমবঙ্গকে অংশ নিতে হবে বলে মন্তব্য করেন তিনি।

বাইট

---------------------

পশ্চিমবঙ্গে লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠু করার জন্য জেলাশাসকরা কি ধরনের পদক্ষেপ করতে চলেছেন, নির্বাচন কমিশন তা জানতে চেয়েছে। জেলাশাসকদের লিখিতভাবে সংক্ষিপ্ত আকারে এই রিপোর্ট পাঠাতে হবে। ভোটের নির্ঘণ্ট ঘোষণা হওয়ার পর প্রতিদিন সকাল ৬-টা থেকে সন্ধে ৬-টা পর্যন্ত সংশ্লিষ্ট জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতির তথ্য কমিশনকে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

আগেই জানানো হয়েছে, ভোটের দিন ঘোষণার পরই রাজ্যে আসবেন ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষকরা। মনোনয়নপত্র পেশের শেষ দিনের আগেই সাধারণ ও পুলিশ পর্যবেক্ষকরা চলে আসবেন। পাশাপাশি একজন করে বিশেষ সাধারণ  ও বিশেষ পুলিশ পর্যবেক্ষকও থাকবেন রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির দায়িত্বে।

ভুয়ো ভোটার তালিকা নিয়ে বিরোধীদের আনা অভিযোগে কোন সারবত্তা নেই বলেও জানিয়েছে নির্বাচন কমিশন।

---------------------

লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের টিকিটে কৃষ্ণ কল্যাণী, বিশ্বজিত দাস ও মুকুটমনি অধিকারিকে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিধায়ক পদ থেকে কিংবা বিজেপি থেকে ইস্তফা দিতে হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে। সংশ্লিষ্ট বিধায়কদের বিরুদ্ধে দলত্যাগ বিরোধী আইনের কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, তাই কমিশনের নিয়ম অনুযায়ী

ঐ বিধায়কদের পদত্যাগের কোনো বাধ্যবাধকতা নেই বলে কমিশন সূত্রে জানানো হয়েছে।

--------------------

অস্থায়ী এবং দৈনিক ভাতা ও চুক্তিভিত্তিক কর্মীরা এবার অবসরের পর এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সহায়তা পাবেন। আগামী ১ লা এপ্রিল থেকে রাজ্য সরকারের এই সিদ্ধান্ত কার্যকর হবে। অর্থদপ্তর থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছে, প্যারা টিচার, এস এস কে ও এম এস কে শিক্ষক, আশা, স্বাস্থ্যকর্মী, অঙ্গনওয়াড়ি সহায়িকা, সিভিক ভলান্টিয়ার, ভিলেজ পুলিশ, হোমগার্ড, অতিরিক্ত দমকলকর্মী সহ এই ধরনের কর্মীরা অবসরের পর এই সুবিধা পাবেন। কাজ অনুযায়ী ৬০ কিংবা ৬৫ বছর বয়সের পর তাঁরা অবসর নেন। আগে অবসরের পরে কোনও কোনও কর্মী পেতেন ২ লক্ষ, কোনও কর্মী পেতেন ৩ লক্ষ টাকা। কিন্তু এবার রাজ্য সরকারের আওতাধীন সব চুক্তিভিত্তিক, ক্যাজুয়াল, দৈনিক ভাতার কর্মীই ৫ লক্ষ টাকা করে পাবেন।

--------------------

বিকশিত ভারতের লক্ষ্যে সমাজের পিছিয়ে পড়া প্রান্তিক মানুষদের উন্নয়নে আজ সূচনা হয়েছে "পিএম সুরজ" পোর্টালের। এর মাধ্যমে তপসিলী জাতি উপজাতি ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের মানুষজন এবং সাফাই কর্মীরা ১ লক্ষ টাকা পর্যন্ত ঋণের সুবিধা পাবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দিল্লি থেকে ভার্চুয়ালি দেশের ৫২৫ টি জায়গায় এই পোর্টালের উদ্বোধন করেন।

এর মধ্যে ছিল পূর্ব বর্ধমান জেলাও। এই উপলক্ষ্যে বর্ধমান টাউন হলে জেলার লিড ব্যাঙ্কের তরফে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে সরাসরি দেখানো হয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান।

বাঁকুড়াতেও সূচনা হয়েছে “পি এম সুরজ” পোর্টালের। উপস্থিত ছিলেন স্থানীয় সাংসদ, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ডাক্তার সুভাষ সরকার।

উত্তর দিনাজপুরে এই পোর্টালের উদ্বোধনকে ঘিরে স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের মধ্যে উৎসাহ ছিল চোখে পড়ার মতো।

জলপাইগুড়ির তিস্তা পর্যটক আবাসে পি এম সুরজ পোর্টালের আনুষ্ঠানিক সূচনায় হাজির ছিলেন কেন্দ্রীয় সংখ্যালঘু প্রতিমন্ত্রী জন বার্লা। সেন্ট্রাল ব্যাঙ্ক থেকে গতকাল এক কোটি ৩২ লক্ষ টাকার বেশি ঋণ পেয়েছে ২৫-টি স্বনির্ভর গোষ্ঠী।

---------------------

প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের স্বপ্নকে সামনে রেখে মোদি কী গ্যারান্টি গাড়ি গতকাল পশ্চিম বর্ধমানে যাত্রা শুরু করল। আসানসোলে বিজেপি কার্যালয় থেকে এই যাত্রার সূচনা করেন দলের জেলা সভাপতি বাপ্পাদিত্য চট্টোপাধ্যায়। জনকল্যানমূলক প্রকল্পগুলি ভিডিওর মাধ্যমে তুলে ধরা হয়েছে এই মোদি কী গ্যারান্টি গাড়িতে। থাকছে একটি ড্রপবক্স।

---------------------

একশ দিনের কাজ সহ বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস নতুন প্রতিবাদ কর্মসূচি শুরু করেছে। “অধিকার যাত্রা” নামে এই কর্মসূচির আওতায় তৃণমূল কংগ্রেসের ৪২ জন প্রার্থীর সবাই নিজের নিজের লোকসভা কেন্দ্রে আগামী ১০ দিন বাড়ি বাড়ি যাবেন। আজ ঘাটাল, মেদিনীপুর, তমলুক, বালুরঘাট, আলিপুরদুয়ার, কোচবিহার এবং মালদা উত্তর ও দক্ষিণে এই প্রচার কর্মসূচি পালন করা হয়।

---------------------

স্কুল সার্ভিস কমিশনের নিয়োগের ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ প্রমাণিত হলে পুরো প্যানেল বাতিল করে দেওয়া হতে পারে বলে কলকাতা হাইকোর্টে আজ এসএসসি নিয়োগ মামলার শুনানিতে বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চ জানিয়েছেন। তবে, নিয়োগের আংশিকও বাতিল করা হতে পারে।

উল্লেখ্য, বিশেষ এই ডিভিশন বেঞ্চেই চলছে স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ দুর্নীতি মামলার শুনানি। সিবিআইয়ের তদন্ত রিপোর্ট নিয়ে প্রশ্ন তুলেছিলেন বিতর্কিত চাকরিরপ্রাপকদের একাংশ। কমিশনের বিশ্বাসযোগ্যতা নিয়েও প্রশ্ন তোলেন তাঁদের আইনজীবী জয়ন্ত মিত্র। তিনি জানতে চান, যে শিক্ষকরা এত বছর ধরে নিষ্ঠার সঙ্গে চাকরি করছেন, তাঁদের কী হবে! তখন ডিভিশন বেঞ্চ জানান, যে ২৩ লক্ষ চাকরিপ্রার্থী পরীক্ষা দিয়েছিলেন, তাঁদের কথা ভাবতে হবে। আদালতের পর্যবেক্ষণ, দুর্নীতি প্রমাণিত হলে সম্পূর্ণ অথবা আংশিক নিয়োগ বাতিল করা হবে।

এদিকে, নিয়োগ দুর্নীতি মামলায় তদন্তের অগ্রগতি নিয়ে আজ আদালতে রিপোর্ট জমা দিয়েছে ইডি ও সিবিআই। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে সিবিআইয়ের আইনজীবী জানান, প্রাথমিকের নিয়োগ, এসএসসি নিয়োগ ও পুর নিয়োগ দুর্নীতি একে অপরের সঙ্গে যুক্ত। অনেক গুরুত্বপূর্ণ নাম তদন্তে উঠে এসেছে। অনেক সম্পত্তিও বাজেয়াপ্ত করা হয়েছে।

টাকার উৎস বের করা গেছে কিনা, তা জানতে চান বিচারপতি সিনহা। ইডির তরফে বলা হয়, তদন্তে কার্যত প্যান্ডোরার বাক্স খুলে যাচ্ছে। দুই কেন্দ্রীয় সংস্থার এই বক্তব্যের পরেও নিয়োগ দুর্নীতি মামলার তদন্তের গতি নিয়ে অসন্তোষ প্রকাশ করেন

বিচারপতি সিনহা। কেন এখনো সুজয় কৃষ্ণ ভদ্রের কণ্ঠস্বরের নমুনা পরীক্ষার রিপোর্ট পাওয়া গেল না সেই প্রশ্নও তোলেন তিনি।

--------------------

প্রশাসনে সমস্ত শূন্যপদ স্বচ্ছতার সঙ্গে পূরণ, চুক্তিভিত্তিক অন্যান্য অনিয়মিত কর্মীদের নিয়মিতকরণ এবং বকেয়া মহার্ঘ্য ভাতা দ্রুত মিটিয়ে দেওয়া সহ চার দফা দাবিতে শিক্ষক, শিক্ষাকর্মী ও রাজ্য সরকারি কর্মীদের যৌথ মঞ্চ আজ নবান্ন অভিযানের ডাক দিয়েছে। হাওড়া ফেরিঘাট থেকে এই কর্মসূচী শুরু হবে বলে মঞ্চের আহ্বায়ক রাজ্য কোঅর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিত্ গুপ্ত চৌধুরী জানিয়েছেন।

--------------------

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্যপাল ও রাজ্য সরকারের মধ্যে সমন্বয় সাধনে সুপ্রিম কোর্টের নির্দেশে, অ্যাটর্নি জেনারেল আর. ভেঙ্কট. রামানি দুই পক্ষের সঙ্গেই বৈঠক করেছেন। রাজভবনে গতকাল তিনি রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে বৈঠক করেন বলে সরকারি সূত্রে জানা গেছে। আজ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে তাঁর বৈঠকে বসার কথা।

এদিকে, ইউজিসির নির্দেশিকা মেনে অবিলম্বে সার্চ কমিটির মাধ্যমে স্থায়ী উপাচার্য নিয়োগের দাবি জানিয়েছে, অধ্যাপকদের সংগঠন আবুটা। তবে এবিষয়ে সুপ্রিম কোর্টের নির্দেশকে তারা স্বাগত জানিয়েছে।

--------------------

সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনার তদন্তে সিবিআই, ধৃত শেখ শাহাজাহানের ছোট ভাই শেখ আলমগীর, গাড়ির চালক  দুরন্ত মোল্লা, সন্দেশখালি

এক নম্বর ব্লকের যুব তৃণমূল নেতা মহফুজার মোল্লা সহ মোট ১২ জনকে হাজিরার জন্য নোটিশ পাঠিয়েছে। আজ সকাল ১১ টার মধ্যে তাদের সিবিআই দপ্তরে হাজিরা দিতে বলা হয়েছে।

ধৃত মূল অভিযুক্ত শেখ শাহজাহানকে আজ ফের স্বাস্থ্য পরীক্ষার পর আদালতে তোলা হবে।

--------------------

রেশন দুর্নীতি কান্ডের তদন্তে ইডি আধিকারিকরা আজ ভোর থেকে সন্দেশখালির রামপুর, ধামাখালিতে শাহজাহান ঘনিষ্ঠ মাছ ব্যবসায়ীর বাড়িতে হানা দিয়েছে। মাছ ব্যবসার মাধ্যমে শাহজাহান বিপুল অর্থ বিদেশে পাচার করেছে বলে মনে করছেন ইডি আধিকরিকরা।

--------------------

ভবানীপুরের বাসিন্দা ব্যবসায়ী ভব্য লাখানির খুনের ঘটনায় গ্রেপ্তার দুই ব্যবসা সহযোগীকে আজ আদালতে তোলা হবে। ব্যবসায় গন্ডগোলের জেরে অনির্বান গুপ্তা ও সুমন দাস নামে দুজনকে গতকালই গ্রেপ্তার করে পুলিশ। নিমতায় অনির্বানের বাড়ির ছাদে জলের ট্যাঙ্কের নীচ থেকে ওই ব্যবসায়ীর বস্তাবন্দি দেহটি উদ্ধার হয়। পাওয়া গেছে তাঁর রক্তমাখা পোষাকও। ইটের গাঁথনি তুলে দেহ লোপাটের চেষ্টা হলেও পুলিশের তৎপরতায় তা সম্ভব হয়নি। সোমবার থেকে নিখোঁজ ছিলেন ওষুধের ব্যবসায়ী ভব্য।

ঘটনার তদন্তে গতকাল বালিগঞ্জ থানায় যান পুলিশ কর্তারা। পুলিশ কমিশনার বিনীত গোয়েল জানিয়েছেন, পরিকল্পনা মাফিক ভব্য লাখানিকে খুন করা হয়।

শিলিগুড়ি থেকে ফিরে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও ভবানীপুরে ভব্য লাখানির বাড়িতে যান।

--------------------

আরকিউরিয়া ২০২৪-এর মাধ্যমে ‘প্রায় মুছে যাওয়া নিউ দিল্লি টাইমস’, ‘ছুটি’, ‘ভবানী ভাওয়াই’-এর মতো ছায়াছবির পুনরুদ্ধারের পর কলকাতার সত্যজিত রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট, এসআরএফটিআইয়ে দেখানো হবে এইসব ছবি।

১৬ থেকে ২২শে মার্চ পর্যন্ত সাতদিনের অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের জন্য কর্মশালার পাশাপাশি, আন্তর্জাতিক প্রেক্ষাপটে ছবির সংরক্ষণ-সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হবে। উপস্থিত থাকবেন বিশ্বখ্যাত জাপানি চলচ্চিত্র পরিচালক নোয়ামি কাওয়াসে। প্রখ্যাত চিত্র পরিচালক বিধু বিনোদ চোপরা সহ বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতাদের সঙ্গে ই-আলাপচারিতা ছাড়াও থাকছে ছবির বিশেষ প্রদর্শনী।

‘আরকাইভিং’, ‘কিউরেশন’, এবং ‘রেস্টোরেশন’ এই তিনটি শব্দ মিলিয়ে তৈরি হয়েছে আরকিউরিয়া। কলকাতা প্রেস ক্লাবে আজ এক সাংবাদিক বৈঠকে এসআরএফটিআই-এর অধিকর্তা হিমাংশু শেখর খাটুয়া জানিয়েছেন, চলচ্চিত্র উৎসবে দেখানো হবে মৃণাল সেনের ‘ওকা উড়ি কথা’, তপন সিনহার ‘আদমি আউর অউরত’, অরুন্ধতী দেবীর ‘ছুটি’, রমেশ শর্মার ‘নিউ দিল্লি টাইমস’- এর মতো ২১টি পুনরুদ্ধার করা ছবি।

--------------------

কোচিতে গতকাল আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট 4-3 গোলে কেরালা ব্লাস্টার্সকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের পক্ষে আর্মানদো সাদিকু দুটি, দীপক

টাংরি ও জেসন কামিংস একটি করে গোল করেন। কেরালা দলের দিমিত্রিয়াস দিয়া-মান্টাস-কস দুটি, ও ভিবিন মোহানান একটি গোল করেছেন।

মোহনবাগান 18 ম্যাচে 39 এবং মুম্বাই সিটি এফ সি 19 ম্যাচে 39 পয়েন্ট সংগ্রহ করেছে। গোল পার্থক্যে মোহনবাগান দ্বিতীয় এবং মুম্বাই শীর্ষ স্থানে আছে।

--------------------

বঙ্গোপসাগরে ঘূর্ণাবর্তের জেরে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় কলকাতা সহ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে বজ্র বিদ্যুত্ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। আজ হাল্কা বৃষ্টি হতে পারে দুই ২৪ পরগণা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, কলকাতা, হাওড়া, হুগলী, নদীয়া, বাঁকুড়া এবং পূর্ব বর্ধমান জেলায়। ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে উপকূলবর্তী জেলাগুলিতে।

এদিকে, বেড়েছে রাতের তাপমাত্রাও। আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে তিন ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

পশ্চিম মেদিনীপুরে কেশপুর ব্লকের আনন্দপুরে গতকাল বিকেলে বজ্রপাতে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। প্রাণ হারিয়ে দুটি গবাদি পশুও। জানা গেছে, কেশপুর ৬ নম্বর জগন্নাথপুর গ্রাম পঞ্চায়েতে ঈশান গ্রামের বাসিন্দা, অশোক পাতোর বিকেলে জমিতে লাঙল দেওয়ার সময় বজ্রাঘাতে গুরুতর আহত হন। হাসপাতালে নিয়ে যাওয়ার আগেই তাঁর মৃত্যু হয়।

-------------------- --------------------